বিদ্যাসাগরের প্রয়াণ দিবসে সচেতনতা শিবির

রাধামাধব মণ্ডল, আউশগ্রাম, ২৯ জুলাই ঃ আজ ভারতীয় নবজাগরণের শ্রেষ্ঠ পথিকৃৎ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১৩২ তম প্রয়াণ দিবসে শ্রদ্ধার্ঘ্যের দিনই মাটির কাছে পৌঁছালো আউশগ্রাম থানা। পূর্ব বর্ধমান জেলা পুলিশের উদ্যোগে আউশগ্রাম থানার আয়োজনে আউশগ্রাম গ্রাম পঞ্চায়েতের বন নবগ্রামের জঙ্গললাগোয়া সিঁদুরডাঙা আদিবাসী পাড়াতে আদিবাসী সমাজের কুসংস্কারের বিরুদ্ধে দ্বিতীয় সচেতনতা শিবিরটি অনুষ্ঠিত হয়। বৃষ্টি মাথায় নিয়েই আগের যদুগড়িয়ার শিবিরের মতোই এদিনও সিঁদুরডাঙাতে দ্বিতীয় শিবিরটি হয়। সিঁদুরডাঙার সেই আদিবাসী সমাজের শিবিরের বিশেষ অনুষ্ঠানে উপস্থিত পূর্ব বর্ধমান জেলার আউশগ্রামের দায়িত্বপ্রাপ্ত ডিএসপি-ডিএনটি বীরেন্দ্র পাঠক, আউশগ্রাম থানার আইসি তানাজী দাস, মেজবাবু উত্তম পাল-সহ পুলিশ আধিকারিক এবং আউশগ্রাম ১ নং ব্লকের দুর্যোগ মোকাবিলা বাহিনীর আধিকারিক নীলাদ্রি পাল, পূর্ব বর্ধমান জেলা পরিষদ সদস্য সফিউল আলম মণ্ডল ও গুসকরা পৌরসভার কাউন্সিলর সুব্রত শ্যাম। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আউশগ্রাম থানার বন নবগ্রাম এলাকার জঙ্গলমহলের বিভিন্ন গ্রামের আদিবাসীরা। অনুষ্ঠানে আউশগ্রাম থানার আইসি তানাজী দাস বলেন, আদিবাসীদের জন্য এই সচেতনতার অনুষ্ঠান। ডাইনি প্রথাটা থেকে মুক্তি পেতেই এই অনুষ্ঠানের আয়োজন। নীলাদ্রি পাল বলেন, আদিবাসীদের সমাজে এখনও কুসংস্কারের একটা প্রভাব রয়েছে। ডাইনি ও সাপে কামড়ালে ওঝার কাছে নিয়ে যাওয়ার মতো কুপ্রথা আদিবাসীদের মধ্যে এখনও প্রকট। বিষধর সাপে কামড়ালে হাসপাতালে না নিয়ে গেলে মানুষ বাঁচবে না। কথায় বলে না, ঝড়ে বক মরে ফকিরের কেরামতি বাড়ে। অনেকেই বলেন, ওঝা বাঁচিয়েছে স্যর। ওটা ঠিক নয়। দেখুন, ওটা বিষহীন সাপ ছিল। পূর্ব বর্ধমান জেলা পরিষদের সদস্য সফিউল আলম মণ্ডল বলেন, আদিবাসীদের অভিমুখী করণের এই শিবিরে থাকতে পেরে ভালো লাগে। জ্ঞান দুই ধরণের, অপজ্ঞান এবং স্বজ্ঞান। সংস্কার ছেড়ে বেরিয়ে আসাটাই আলো। ডাইনি একটি অপজ্ঞান। রাঁচির মাণ্ডে গ্রামে পাঁচ মহিলা একরাতে খুন হন ডাইনের কুপ্রথাতে। উড়িষ্যাতেও এই রকম ঘটনা ঘটেছে। রাজস্থানেও হয়েছে এই ঘটনা। শিক্ষিত করে তুলতে হবে সমাজকে। কুসংস্কার থেকে দূরে থাকুন। তার জন্যই এই শিবির। এরপর বক্তব্য রাখতে ওঠেন পূর্ব বর্ধমান জেলার আউশগ্রাম থানার দায়িত্বপ্রাপ্ত ডিএসপি-ডিএনটি বীরেন্দ্র পাঠক। তিনি বলেন, আজকে আদিবাসীদের সমাজ থেকেই আমাদের রাষ্ট্রপতি হয়েছেন লড়াই করে। তাতেও আদিবাসীদের সমাজকে পিছিয়ে পড়া বলতে হচ্ছে। তবে শুধুমাত্র আদিবাসীদের সমাজেই যে কুসংস্কার আছে তা নয়, কুসংস্কারের প্রভাব রয়েছে সমাজের সর্বস্তরে। তবে সেগুলো হয়তো তেমন প্রভাবজনক নয়। তাই তেমন সমাজের ক্ষতি করতে পারে না। যেমন বিড়ালে রাস্তাকাটা। তবে আদিবাসীদের সমাজে রয়েছে কয়েকটি কুপ্রথা, যা এখনও সমাজের ব্যাপক ক্ষতি করে। তেমনই একটি প্রথা ডাইনি এবং অপরটি অসুখ-বিসুখে, সাপে কামড়ালে ওঝার কাছে যাওয়া। এটা করবেন না। আজকাল স্বাস্থ্য সাথীতে ফ্রিতে চিকিৎসা হয়। তেমন কিছু হলে পুলিশ, ডাক্তারদের এবং প্রশাসনের পরামর্শ নিন। ওঝা, গুনিনদের থেকে দূরে থাকুন। তারা কোনোদিনই মানুষের ভালো করেনি। আপনাদের শিক্ষার আলোতে পৌঁছাতে হবে। তাহলেই আপনাদের সমাজ আলোকিত হবে। মঙ্গলা মাড্ডি নামে এক স্থানীয় বাসিন্দা কুপ্রথার বিরুদ্ধে বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শেষে কুসংস্কারের বিরুদ্ধে একটি নাটক মঞ্চস্থ হয় সিঁদুরডাঙার মঞ্চেই।

তৃণমূল কর্মী খুনে গ্রেফতার বিজেপি কর্মী

সুজিত দত্ত, পূর্ব বর্ধমান, ২৯ জুলাই ঃ হরিনাম সংকীর্তনের নামে এক তৃণমূল কর্মীকে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে খুন করার অভিযোগ ঘিরে চাঞ্চল্য ছড়ালো পূর্ব বর্ধমানের কালনায়। অভিযোগের তির বিজেপির দিকে। মৃত ব্যক্তির নাম দয়াল হাজরা। অভিযুক্তের নাম কৃষ্ণচন্দ্র হাতি। কালনা থানার পুলিশ ঘটনাস্থল থেকে অভিযুক্ত কৃষ্ণচন্দ্র হাতিকে গ্রেফতার করেছে। খুনের ঘটনার পর এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় বিশাল পুলিশ মোতায়েন করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, কালনার বৈদ্যপুরের আটকাটিয়া গ্রামের বুড়োশিবতলায়। গতকাল রাত্রি ৮টা নাগাদ। বৈদ্যপুর আটকেটিয়া বুড়ো শিবতলায় হরিনাম কীর্তন হবে বলে স্থানীয় বিজেপি কর্মী কৃষ্ণচন্দ্র হাতি একই এলাকার বাসিন্দা ভাল খোল বাজিয়ে এবং সক্রিয় তৃণমূল কর্মী দয়াল হাজরাকে বাড়ি থেকে ডেকে নিয়ে আসে। অভিযোগ এরপর বিড়ি খাওয়ানোর নাম করে পাশে একটা অন্ধকার বাঁশঝাড়ের জায়গায় কৃষ্ণচন্দ্র ও আরও কয়েকজন দয়ালকে ডেকে নিয়ে যায়। অভিযোগ সেখানেই দয়ালের গলায় রাখা গামছা দিয়েই তার গলায় পেঁচিয়ে শ্বাসরোধ করে খুন করে কৃষ্ণচন্দ্র ও তার সঙ্গীরা। দয়ালের আর্তনাদ শুনতে পেয়ে শিবতলা থেকে স্থানীয়রা ছুটে গেলে কৃষ্ণচন্দ্র পালিয়ে যাবার চেষ্টা করলে তাকে ধরে স্থানীয় লোকজন একটি খুঁটিতে বেঁধে রেখে পুলিশকে খবর দেয়। স্থানীয়রা দয়াল হাজরাকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে কালনা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। পরে অভিযুক্ত কৃষ্ণচন্দ্র হাতিকে গ্রেফতার করে কালনা থানার পুলিশ। এই ঘটনায় ব্যাপক উত্তেজনা তৈরী হয়। এই খুনকে কেন্দ্র করে তৃণমূল ও বিজেপির মধ্যে অভিযোগ ও পাল্টা অভিযোগ শুরু হয়। তৃণমূলের রাজ্য মুখপত্র দেবু টুডু জানিয়েছেন, অভিযুক্ত গত বিধানসভা নির্বাচনে বিজেপির বুথ সভাপতি ছিল। সেবার বিধানসভায় তৃণমূলের কাছে পর্যুদস্ত হয়েছিল বিজেপি। বিধানসভায় ২০০টি আসন জেতার স্বপ্ন তাদের সফল না হওয়ায় ফের পঞ্চায়েত নির্বাচনের আগে সিপিএমের সাথে মিলে অশান্তি পাকানোর চেষ্টা করছে। তবে যতই সন্ত্রাস চালাক বিজেপি কিছুই করতে পারবে না। কারন মানুষই শেষ কথা বলবে। আর মানুষের স্বার্থে মা মাটি মানুষের সরকার কাজ করে চলেছে, আগামী দিনেও করবে বলে জানিয়েছেন তৃণমূলের অন্যতম রাজ্য মুখপাত্র। এদিকে এই খুনের ঘটনার সঙ্গে বিজেপির কোনো সম্পর্ক নেই বলেই স্থানীয় বিজেপি নেতৃত্ব জানিয়েছে। বিজেপির মন্ডল সভাপতি জানিয়েছেন, এই এলাকায় বিজেপির কোনো সংগঠন বর্তমানে নেই। যার নামে এই খুনের অভিযোগ এনে বিজেপিকে কালিমালিপ্ত করার চেষ্টা করা হচ্ছে, সেই কৃষ্ণচন্দ্র হাতি ২০২১এর ২মে'র পর থেকে দলের সঙ্গে কোন সম্পর্ক রাখে নি। পুলিশ তদন্ত করে দোষীদের সাজা দিক।

হাতির তাড়ায় জখম যুবক

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২৯ জুলাই ঃ হাতি দেখতে গিয়ে হাতির তাড়া খেয়ে ফিরে পালানোর সময় পড়ে গিয়ে আহত হলেন এক যুবক। শুক্রবার বিকেলে এই ঘটনাটি ঘটেছে লোধাশুলি রেঞ্জের গাড়রো এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে আহত ওই যুবকের নাম বাপ্পা মাহাত বাড়ি জিতুশোল গ্রামে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে গাড়রো ও পেনিয়াভাঙ্গা এলাকায় ২৫ থেকে ৩০ টি হাতি রয়েছে।

Notice Inviting Tender

Sealed Tender are hereby invited from the Bonafied outsider by the Assistant Engineer, P.W.D. Krishnagar Electrical Sub Division for the following work:- **1) 24/T/KNG of 2022-23.** Modification and separation of normal power and DG power at the Dy. CMOH-III section, CMOH office, Krishnagar, Nadia **(Job No.NED/KGN/DW/14/01 of 22-23), 2)25/T/KNG of 2022-23**, Repair of Pole and light fittings and EI Works Within the campus of Tehatta Sub Correctional Home **(Job No.NED/KNG/RW/15 of 22-23), 3) 26/T/KNG of 2022-23,** Repairing and Servicing of 500 KVA DG Set make Cummins, Engine SI No. 25410818 installed at Krishnagar Sadar Hospital under Krishnagar Electrical Section-II,PWD **(Job No. NED/KNG/RW/14 of 22-23), 4) 27/T/KNG of 2022-23** Renovation Type work for Legal aid Defense Council office at ADR Center of District Court Complex Krishnagar, Nadia - SITC of Air Conditioning Machine **(Job No.NED/KNG/DW/10/02 of 22-23), 5) 28/T/KNG of 2022-23** Annul Maintenance estimate for the Tehatta Sub-Divisional Court Tehatta, Nadia under the maintenance of Tehatta Elect. Sec for the year 2022-2023 - Repair & maintenance of 15 passenger lift Installed at Tehatta Sub- Divisional Court Tehatta, Nadia **(Job No.NED/KNG/DW/15/01 of 22-23), 6) 29/T/KNG of 2022-23** Construction of 24 bed Hybrid Critical Care Unit at Karimpur RH, Karimpur, Nadia-EI work for Construction of negative pressure system **(Job No.NED/KNG/DW/34/04 of 21-22).** Last date of tender sale **04.08.2022.** Last date of Tender Received **05.08.2022 up to 2.00 P.M.** Tender will be opened on same date at 3.00 P.M.

Sd/- Assistant Engineer,
P.W.D., Krishnagar
Electrical Sub Division

অশালীন বিজ্ঞাপন ঘিরে শোরগোল



দুরন্ত বার্তা, মালদা, ২৯ জুলাই ঃ 'নিখরচায় লাইন মারুন'। মালদা শহরের প্রাণকেন্দ্র রবীন্দ্র এভিনিউ এলাকার রাস্তার ধারেই এরকমই পড়েছে বিশাল বিজ্ঞাপনের হোর্ডিং। কিন্তু কিসের বিজ্ঞাপন। নেই কোন কোম্পানির নাম। নেই কোন বিজ্ঞাপনী বার্তার বিস্তারিত তথ্য। শুধু লাল একটি হোর্ডিং-এর মধ্যেই লেখা ওই শব্দ। আর যাকে ঘিরে শুক্রবার সকাল থেকে তোলপাড় শুরু হয়েছে মালদা শহরে। এই ঘটনায় ইংরেজবাজার পুরসভার উদাসীনতাকে দায়ী করেছে বিভিন্ন মহল। শহরের শিক্ষক-বুদ্ধিজীবীদের একাংশের বক্তব্য, এমন ভাষায় বিজ্ঞাপনী হোর্ডিং লেখা হয়েছে তাতে একটা বাজে বার্তা শহরের মধ্যে প্রভাব ফেলার চেষ্টা করছে। এরকম কুরুচিকর ভাষায় কারা বিজ্ঞাপনী হোর্ডিং শহরের বুকে দিল তার তদন্ত করুক পুলিশ এবং পুরসভা কর্তৃপক্ষ। শুক্রবার সকালে প্রাতঃভ্রমণে বেরিয়েছিলেন শহরের অনেক বিশিষ্টজনেরা। আবার কেউ ছিল কলেজ পড়ুয়া থেকে সাধারণ ছাত্র। মালদা শহরের প্রাণকেন্দ্র রবীন্দ্র এভিনিউ, রাজমহল রোড এলাকার রাস্তার ধারে বড় বড় হোর্ডিংয়ে লেখা রয়েছে 'নিখরচায় লাইন মারুন'। আসলে এটা কিসের উক্তি, বুঝতে পারে নি সাধারণ মানুষ। কেউ এই ধরনের বিজ্ঞাপনের হোর্ডিংকে দেখে রসিকতা করেছেন। আবার কেউ তিতিবিরক্ত হয়ে পুরসভার ঘাড়েই দোষ ফেলেছে। মালদা শহরের কে.জে. স্যান্যাল রোড এলাকার অবসরপ্রাপ্ত অধ্যাপিকা সুবর্ণলতা মজুমদার বলেন, রোজ সকালে মেয়ে এবং জামাইয়ের সঙ্গে প্রাতঃভ্রমণে বেরাই। শহরের রাস্তায় এমন হোর্ডিং দেখে সত্যি আজ লজ্জায় পড়তে হয়েছে। এব্যাপারে পুরসভার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া দরকার। এদিকে বিষয়টি জানতে পেরে তড়িঘড়ি ওই বিজ্ঞাপনের হোর্ডিংগুলি খোলার কাজ শুরু করে দেয় ইংরেজবাজার পুরসভা কর্তৃপক্ষ। ইংরেজবাজার পুরসভার বিজ্ঞাপনী বিভাগের দায়িত্বপ্রাপ্ত তথা ২৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর পূজা দাস জানিয়েছেন, রাতের অন্ধকারে কেউ বা কারা এই ধরনের বিজ্ঞাপন দিয়েছে। এক্ষেত্রে পুরসভা থেকে কোনরকম অনুমতি নেওয়া হয় নি। সেগুলি সব খুলে ফেলা হয়েছে। শহরে বসানো সিসি ক্যামেরার ফুটেজ দেখে আমরা এই কাজের সঙ্গে যুক্তদের চিহ্নিত করার চেষ্টা করছি।

স্কুলে তালা ঝুলিয়ে বিক্ষোভ পড়ুয়াদের

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২৯ জুলাই ঃ প্রধান শিক্ষক না আসা পর্যন্ত বন্ধ থাকল স্কুলের গেট। তার জেরে দীর্ঘক্ষণ রাস্তায় দাঁড়িয়ে থাকতে হয় পড়ুয়াদের। তাই এবার প্রধান শিক্ষকের বদলির দাবি তুলে স্কুল গেটে তালা ঝুলিয়ে বিক্ষোভ দেখাল পড়ুয়ারা। বিদ্যালয়ের প্রধান শিক্ষককে হেনস্থা করা হয়েছে বলেও অভিযোগ উঠেছে। শুক্রবার সকাল ১১টা নাগাদ এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায় হরিহরপাড়া ব্লকের বারুইপাড়া হাইস্কুলে। পরিস্থিতি সামাল দিতে দ্রুত স্কুলে পৌঁছয় হরিহরপাড়া থানার পুলিশ। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় হরিহরপাড়া ব্লকের বিডিও রাজা ভৌমিক নিজে। পরে পরিস্থিতি স্বাভাবিক হলেও ছাত্র এবং অভিভাবক মহলে চাপা উত্তেজনা থাকে। স্কুল কর্তৃপক্ষ ও জেলা শিক্ষা দফতরের আধিকারিকদের নিয়ে আলোচনায় বসে সমাধান সূত্র বার করা হবে বলে জানিয়েছেন রাজা ভৌমিক। এই ঘটনা প্রসঙ্গে বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুশান্ত রায় বলেন, আমি যা করি ছাত্র ও স্কুলের স্বার্থেই করি। কিন্তু এই ধরনের ঘটনা আমার কাছে অনভিপ্রেত। আমি সদ্য এই স্কুলে যোগ দিয়েছি। জানি না এর পিছনে কারও ক্ষুদ্র স্বার্থ কাজ করছে কিনা। প্রধান শিক্ষক আসার আগে স্কুল গেট না খোলায় দীর্ঘদিন থেকে পড়ুয়াদের মধ্যে ক্ষোভ জমছিল। বৃহস্পতিবার তারই বহিঃপ্রকাশ ঘটে বলে প্রশাসন ও স্থানীয় বাসিন্দা সূত্রে জানা গিয়েছে। এই ঘটনা প্রসঙ্গে দ্বাদশ শ্রেণির ছাত্র রাইহান আলি বলে, প্রধান শিক্ষক নিজে না আসা পর্যন্ত গেটম্যানকে গেট না খোলার নির্দেশ দিয়ে রেখেছেন। সাড়ে ১০টা পর্যন্ত ছাত্র-ছাত্রীদের রাস্তার উপর দাঁড়িয়ে থাকতে হয়। রাজ্য সড়কের পাশে বা রাস্তার উপর দীর্ঘক্ষণ আমাদের দুর্ঘটনার ঝুঁকি নিয়েই গেট খোলার অপেক্ষায় থাকতে হয়। আমরা বহুবার দশটার মধ্যে গেট খুলে দেওয়ার আবেদন জানিয়েছিলাম।

কর্মবিরতির হুমকি

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২৯ জুলাই ঃ আশাকর্মীদের স্বাস্থ্য কর্মীর স্বীকৃতি, যথা সময়ে ইন্সেনটিভ প্রদান, কাজের চাপ বাড়ানো বন্ধ করার দাবীতে সোচ্চার আশাকর্মীরা, দাবী না মিটলে কর্মবিরতির হুমকি দিলেন। শুক্রবার জেলা স্বাস্থ্য আধিকিরিকের নিকট তাদের দাবী সনদ পেশ করার সাথে সাথে তাদের কর্মবিরতির সিদ্ধান্ত ও জানিয়ে দেন আশাকর্মীরা। শুক্রবার সকালে জেলার বিভিন্ন এলাকার আশাকর্মীরা তামলিবাধে জমায়েত হন।সেখান থেকে মিছিল করে তারা জেলা স্বাস্থ্য আধিকিরিকের নিকট হাজির হন। পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়নের পক্ষ থেকে কল্পনা টুডু বলেন, করোনা অতিমারির সময় থেকে সরকারি নির্দেশে আমরা বিভিন্ন ধরনের কাজ করে চলেছি, এমনকি দুয়ারে সরকার, ভ্যাকসিন প্রদান, খেলা, মেলা সর্বত্র আমাদের ডিউটি দিতে হচ্ছে, অথচ উপযুক্ত পারিশ্রমিক মিলছে না, ইন্সেনটিভ দফায় দফায় প্রদানের নামে বঞ্চিত করা হচ্ছে। আমরা আমাদের দাবী পত্র জেলা মুখ্য স্বাস্থ্য আধিকিরিকের কাছে পেশ করেছি, দাবী না মিটলে আগামী ৩ আগস্ট থেকে কর্মবিরতি করতে বাধ্য হবো বলেও জানানো হয়েছে।

উদ্ধার টিয়াপাখি

দুরন্ত বার্তা, আসানসোল, ২৯ জুলাই ঃ আরপিএফের স্পেশাল টাস্ক ফোর্স ও এসকর্টিং পার্টির অভিযানে ধরা পড়ল ৫টি খাঁচাবন্দি শতাধিক পাখি। শুক্রবার সকালে আসানসোল স্টেশনের ৫ নম্বর প্ল্যাটফর্মে এই ঘটনা ঘটে। তবে কেউ গ্রেফতার হয়নি। পূর্ব রেলের আসানসোল ডিভিশনের আরপিএফের কাছে খবর ছিল ট্রেনে পাখি চোরাচালানকারী আবার সক্রিয় হয়েছে। সেই মতো নজরদারিও চালাচ্ছিলেন তাঁরা। এদিন সকালে আসানসোল স্টেশনে ১২৩৩৪ ডাউন এলাহাবাদ বিভূতি এক্সপ্রেস ট্রেনটি এলে তাতে তল্লাশি করতে গিয়ে ট্রেনের সাধারণ কামরার বাথরুমের কাছে পাঁচটি চটের বস্তায় ঢাকা খাঁচা দেখতে পান তাঁরা। মোট ১৩০টি পাখি সেই খাঁচায় ছিল। কিন্তু কে বা কারা খাঁচাগুলি রেখেছে তা জানা যায়নি।

BARIJAHATTY GRAM PANCHAYAT
CHANDITALA, HOOGHLY

NOTICE INVITING TENDER No. 507/BGP/2022, Date: 29/07/2022
NOTICE INVITING TENDER No. 508/BGP/2022, Date: 29/07/2022
NOTICE INVITING TENDER No. 509/BGP/2022, Date: 29/07/2022
NOTICE INVITING TENDER No. 510/BGP/2022, Date: 29/07/2022

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of 4(Four) Nos. similar nature of works. Source of Fund: 15 th FC. Date of sale of Tender Form **13.08.2022.** Date of Opening of Tender **16.08.2022.** For details please visit office of the undersigned.

Sd/- Pradhan
Barijahatty Gram Panchayat

স্বাস্থ্য আধিকারিকের অফিস ঘেরাও করে বিক্ষোভ

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২৯ জুলাই ঃ আশা কর্মীদের সরকারি স্বাস্থ্যকর্মীর স্বীকৃতি ও মর্যাদা দিতে হবে এবং অবিলম্বে ফিক্সড ভাতা বৃদ্ধি করার দাবি সহ একাধিক দাবি দাওয়া নিয়ে ঝাড়গ্রাম জেলা স্বাস্থ্য আধিকারিকের অফিস ঘেরাও করে বিক্ষোভ দেখান জেলার আশাকর্মীরা। শুক্রবার পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়নের ঝাড়গ্রাম জেলার আশা কর্মীরা প্রথমে শহরে এক মিছিল করেন জেলা স্বাস্থ্য দফতরের অফিসের সামনে গিয়ে বিক্ষোভ দেখান। সেখানে বেশ কিছু সময় ধরে বিক্ষোভ দেখানোর পর অনেক কয়েকজন আশাকর্মী জেলা স্বাস্থ্য দফতরের ভেতরে গিয়ে তাদের স্মারকলিপি জমা দেন। তাদের দাবি, গত এক বছরের বকেয়া ইনসেন্টিভের টাকা মিটিয়ে দিতে হবে। নার্সিংহোমে মায়ের ডেলিভারি হলেও তার পরিপূর্ণ পারিশ্রমিক দিতে হবে। কোভিড আক্রান্ত কর্মীদের জন্য ঘোষিত এক লক্ষ টাকা দিতে হবে। ভ্যাকসিন ডিউটির জন্য বরাদ্দ টাকা অবিলম্বে দিতে হবে। সমস্ত আশাকর্মীদের দিয়ে জল পরীক্ষা করাতে হবে এবং তার উপযুক্ত পারিশ্রমিক দিতে দেওয়া সহ মোট ১৫ দফা দাবিদাওয়া নিয়ে ডেপুটেশন জমা দেন আশাকর্মীরা। এদিনের এই বিক্ষোভ ডেপুটেশন কর্মসূচিতে নেতৃত্ব দেন জ্যোৎস্না মাইতি।

বর্ধমান ও পালসিট স্টেশনের মধ্যে ট্র্যাফিক ও পাওয়ার ব্লকের জন্য কিছু ট্রেনের নিয়ন্ত্রণ

Azadi Ka Amrit Mahotsav

হাওড়া ডিভিশনের পালসিট-শক্তিগড় শাখায় নতুন ৩য় লাইন নির্মাণের উদ্দেশ্যে ওএইচই-এর নবীকরণের জন্য বর্ধমান ও পালসিটের মধ্যে ডাউন মেন লাইনে ০১/০৮, ০২/০৮ এবং ০৩.০৮.২০২২ **তারিখে ৩ দিন**, প্রতিদিন **২ ঘন্টার (সকাল ১১টা থেকে বেলা ১টা পর্যন্ত)** জন্য **ট্র্যাফিক ও পাওয়ার ব্লক** নেওয়া হবে। এর ফলে, ওই দিনগুলিতে ট্রেন চলাচলের ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে ঃ ● **ট্রেন বাতিল ঃ হাওড়া থেকে** - ৩৭৮২৯ এবং **বর্ধমান থেকে** - ৩৭৮৩৪ ও ৩৭৮৩৬। ● **পথ পরিবর্তন ঃ ১৩০২৮ ডাউন কবিগুরু এক্সপ্রেস** (যাত্রা শুরুর তারিখ ০১/০৮, ০২/০৮ ও ০৩.০৮.২০২২) ট্রেনটি বর্ধমান থেকে পথ পরিবর্তন করে কামারকুণ্ডু-ডানকুনি হয়ে চলবে এবং যাত্রাপথে কামারকুণ্ডু ও বালি স্টেশনে থামবে। ● **সংক্ষিপ্ত যাত্রা শেষ/শুরু ঃ** ট্রেন নং ৩৭৮২৫ মেমারি-তে (১১.৫২ মিনিট) সংক্ষিপ্ত যাত্রা শেষ করবে এবং মেমারি থেকে ১২.৫১ মিনিটে ডাউন প্যাসেঞ্জার স্পেশাল হিসাবে হাওড়ার অভিমুখে যাত্রা শুরু করবে। **দ্রষ্টব্য ঃ** স্পেশাল ট্রেন বা দেরিতে চলা ট্রেন, যদি থাকে, ব্লক চলাকালীন নিয়ন্ত্রিত হবে বা যাত্রাপথ পরিবর্তন করবে। যাত্রীদের স্টেশনে পাবলিক অ্যাড্রেস সিস্টেমে ঘোষণা শুনতে অনুরোধ করা হচ্ছে। অসুবিধার জন্য দুঃখিত।

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, হাওড়া

পূর্ব রেলওয়ে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway Eastern Railway Headquarter

---

Hooghly Chinsurah Municipality
Mahendra Mitra Road, Pipulpati,
PO & Dist-Hooghly, West Bengal
Tel.: (033) 2680-2899/2319, TeleFax.: (033) 2680-6091

Notice Inviting Tender

Sealed Tender are invited by the Chairman H.C.M for Sinking of 300mmx200mm dia deep Tube Well at Immambara, ward no-9 under HCM. The detail documents will be available from the Water Works department during office hours before 2.00 P.M. on any working days. The last date of dropping is on **10/08/2022 (Against N.I.T No-38/2022-23/WW-SD Dated. 26/07/2022).**

Sd/- Chairman
Hooghly Chinsurah Municipality

Office of the Domjur Panchayat Samity
Tendre Notice

Tender is invited from the eligible bidder for offline submission for tender referance no. - **NIT-10/2022-2023 & 11/2022-2023 Dates-26/7/2022** at Domjur Block under Howrah West Bengal. Last date for the offline receipt of tender is **5/8/2022 at 12.00 noon.** Detail will be available at the notice board of Domjur Panchayat Samity.

Sd/-Executive Officer
Domjur Panchayat Samity

Office of the Hutmura Gram Panchayat

NIT No-03/HGP/22-23 Memo No. 74/HGP/P-II, Date: 29/07/2022

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of the 13(Thirteen) nos. similar nature of work(s). Source of Fund: 15 th FC. Work completion period:- 30 Days. Date of Sale of Tender Form **29-07-2022 to 13-08-2022 (from 10.00 AM to 3.00 PM).** Last date of dropping of Sealed Tender from On or before **16-08-2022 (up-to 12 noon only).** Date of Opening of Tender **16-08-2022 (at 1.00 PM).** For details please visit office of the undersigned on any working days.

Sd/- Pradhan
Hutmura Gram Panchayat

OFFICE OF THE
SONAGARA GRAM PANCHAYAT
DHENGA-AM :: MATGODA :: RAIPUR :: BANKURA

NOTICE INVITING TENDER NO:-10/15 th FC/2022-23,
MEMO NO: 407/SGP/2022, DATE:- 26/07/2022
NOTICE INVITING TENDER NO:-11/15 th FC/2022-23,
MEMO NO: 408/SGP/2022, DATE:- 26/07/2022
NOTICE INVITING TENDER NO:-12/15 th FC/2022-23,
MEMO NO: 409/SGP/2022, DATE:- 26/07/2022
NOTICE INVITING TENDER NO:-13/PBG-IBRD/2022-23,
MEMO NO: 410/SGP/2022, DATE:- 26/07/2022
NOTICE INVITING TENDER NO:-14/15 th FC/2022-23,
MEMO NO: 411/SGP/2022, DATE:- 26/07/2022

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of total 15(Fifteen) Nos. similar nature of works. Source of Fund: 15 th FC and PBG-IBRD. Work Completion Period: 90 Days. Date of Issuing of Tender Form on any working day from **27-07-2022 to 08-08-2022.** Last date of dropping of Sealed Tender on or before **10-08-2022 up to 01.00 PM.** Date of Opening of Tender **10-08-2022 at 02.00 PM onwards.** For further details please visit office of the undersigned.

Sd/- Pradhan
Sonagara Gram Panchayat

টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড
CIN : L63040WB1986PLC040796
রেজি. অফিস ঃ ৪, নেতাজি সুভাষ রোড, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০০১
E-Mail: info@tspiritualworld.com;
Website: www.tspiritualworld.com
সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী ১ম ত্রৈমাসিক
শেষে ৩০ জুন, ২০২২
(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(ইপিএস ছাড়া লক্ষ টাকায়)

ক্র নং.	বিবরণ	ত্রৈমাসিক শেষে ৩০ জুন ২০২২	পূর্ব বছর শেষে ৩১ মার্চ ২০২২ দ্রষ্টব্য ২	চলতি ত্রৈমাসিক শেষে ৩০ জুন ২০২১	বছর শেষে ৩১ মার্চ ২০২২
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে	-	-	২.৫৯	৫.২১
২	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে(করের পূর্বে, অতিরিক্তএবং/ অথবা অসাধারণ আইটেমে)	(৮.৪০)	(৩.২৪)	(৫.৬৯)	(১২.৩৮)
৩	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(৮.৪০)	(৩.২৪)	(৫৩.৯৯)	(১১৮.২৪)
৪	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(৮.৪০)	(৩.২৪)	(৫৩.৯৯)	(১১৮.২৪)
৫	মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয়	(৮.৪০)	(৩.২৪)	(৫৩.৯৯)	(১১৮.২৪)
৬	ইকুইটি শেয়ার মূলধন	২,০০০.২০	২,০০০.২০	২,০০০.২০	২,০০০.২০
৭	সংরক্ষিত (রেভিলিউশান রিজার্ভ সহ যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে)	-	-	-	(১,৮০৯.১২)
৮	শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে বছর শেষ ছাড়া) মূল ও মিশ্র	(০.০৪)	(০.০২)	(০.২৭)	(০.৫৯)

দ্রষ্টব্য ঃ ১) উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশান্স অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট- www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে- www.tspritualworld.com।
২) ত্রৈমাসিক শেষে ৩১ মার্চ, ২০২২ রাশি সামঞ্জস্যপূর্ন রাশি নিরীক্ষিত ফলাফল ও সারা আর্থিক বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২২ এর মধ্যে এবং বছর থেকে তারিখ রাশি তৃতীয় ত্রৈমাসিক পর্যন্ত আর্থিক বছরের ২০২১-২২।

বোর্ডের আদেশানুসারে
টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড
হনুমানমল হিন্দুমল সিংঘি
সর্বক্ষণের পরিচালক
DIN : 06398451

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৯ জুলাই, ২০২২

KOLKATA MUNICIPAL CORPORATION-TENDER

Name of the Department: **Bustee Services.** Tender invited and to be received by: **Dy. C.E (C)/B.S (South).** Name of the Work & Location; Estimated Amount (including GST, CESS, excluding Contingency); Time and last date of Receipt/Opening of Tender Paper are as follows: (1) **Installation of temporary urinals for different festivals under BR-XIII, XIV; Rs. 4,92,001.30.** (2) **Installation of temporary urinals for different festivals under BR-VII, VIII; Rs. 4,71,066.02. On 06.08.2022 at 12.00 noon/2.00 p.m.** (For Sl. No. 1 & 2). For detailed information please visit KMC website **https://www.kmcgov.in** (For Sl. No. 1 & 2).

Name of the Department: **Lighting/Zone-III.** Tender invited and to be received by: **Executive Engineer (E)/Lighting/Zone-III.** Name of the Work & Location; Estimated Amount; Time and last date of Receipt/Opening of Tender Paper are as follows: (1) **Improvement of street lighting system at Picnic Garden Road and other places in ward no. 67; Rs. 1,98,279.44.** (2) **Improvement of street lighting system at Swinhoe Lane & other places in ward no. 67; Rs. 2,48,390.59.** (3) **Engagement of electrician & helper for Mayor's Health Clinic at 29/5 Chetla Central Road in ward-82; Rs. 2,89,680.00 On 08.08.2022 at 12.30 p.m./2.00 p.m.** (For Sl. No. 1 to 3). (4) **Renovation & Installation of electrical wiring at Ward office of ward no. 68, under BR.-VIII; Rs. 1,64,803.00. On 10.08.2022 at 12.00 noon/2.00 p.m.** (5) **Regular operation & maintenance of electrical system at different ward offices, BR-Office, KMCP School, Labour quarter, Staff quarters & other institution under BR-VIII; Rs. 4,70,412.00. On 12.08.2022 at 12.30 p.m./2.00 p.m.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in** (For Sl. No. 1 to 5).

Name of the Department: **Lighting/Zone-I.** Tender invited and to be received by: **Executive Engineer (E)/Lighting/Zone-I.** Name of the Work & Location; Estimated Amount; Time and last date of Receipt/Opening of Tender Paper are as follows: (1) **Installation of lighting arrangement at Kabi Sukanta Sarani (from N.M. Road crossing to Narkeldanga High School) in ward 35; Rs. 4,52,748.00.** (2) **Improvement of lighting arrangements at Phoolbagan More crossing & U.C. Banerjee Road under Borough-III; Rs. 4,99,658.49. On 16.08.2022 at 1.30 p.m./2.00 p.m.** (For Sl. No. 1 & 2). For detailed information please visit KMC website **https://www.kmcgov.in** (For Sl. No. 1 & 2).

Name of the Department: **Lighting/Zone-II.** Tender invited and to be received by: **Executive Engineer (E)/Lighting/Zone-II.** Name of the Work & Location; Estimated Amount; Time and last date of Receipt/Opening of Tender Paper are as follows: (1) **Repairing and replacement of street lighting system at Napit Bagan Bustee, M.M. Row Bustee and other different places in ward no. 49; Rs. 1,48,945.00.** (2) **Repairing & replacement of bustee lighting system at S.B.Dey Street & other different bustee in ward no. 50; Rs. 1,48,692.00.** (3) **Improvement of street lighting system at Keshab Ch. Sen St. Bustee and other different bustee in ward-40; Rs. 1,99,938.00. On 17.08.2022 at 12.00 noon/2.00 p.m.** (For Sl. No. 1 to 3). For detailed information please visit KMC website **https://www.kmcgov.in** (For Sl. No. 1 to 3).

Name of the Department: **Lighting/Zone-V.** Tender invited and to be received by: **Executive Engineer (E/Lighting)Zone-V.** Name of the Work & Location; Estimated Amount; Time and last date of Receipt/Opening of Tender Paper are as follows: (1) **Installation of mini mast light at Z-5/44 Kanchantala Road Kol-700044 in ward no. 141, BR-XV; Rs. 1,64,024.00.** (2) **Installation of mini mast light at Q-474 Santoshpur Road, Kol-24, W-63, Hazi Ratan Lane, Kol-18 in Ward. 139 & X-1, Khaldhari Road, Y-2/101/45, Satghara Road, Kol-44, ward no. 140, BR-XV; Rs. 4,19,893.04. On 08.08.2022 at 1.00 p.m/1.30 p.m.** (For Sl. No. 1 & 2). For detailed information please visit KMC website **https://www.kmcgov.in** (For Sl. No. 1 & 2).

434/22-23

Franklin Templeton Mutual Fund

Cordially invites you for a program under it's
Investor Education and Awareness Initiative.

Venue :
Food Garden, Jaykrishna Bazar Road,
Tarakeswar, Hooghly 712410

Date: 31st July, 2022
Time: 5.30 p.m.

Contact Person: Barun Banerjee (9002434555)

Due to limited seats, entry will be provided to registered attendees only. Please call on the above number to register by tomorrow.

All Covid protocols will be followed.

We look forward to your participation.

FRANKLIN TEMPLETON

Registered office: One International Centre, Tower 2, 12th & 13th Floor, Senapati Bapat Marg, Elphinstone (West) Mumbai - 400013

Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.

RDB RASAYANS LIMITED
CIN: L36999WB1995PLC074860
Regd. Office: Bikaner Building, 8/1 Lal Bazar Street,
3rd Floor,Room No. 09, Kolkata-700 001
Ph- 033 44500500
Email id- info@rdbindia.com; website- www.rdbgroup.in

NOTICE TO SHAREHOLDERS

NOTICE is hereby given that the 27th Annual General Meeting (AGM) of the Company will be held on **Wednesday,24th August, 2022 at 11.30 A.M.** through video conferencing/other audio visual means (VC/OAVM) to transact the business, as set out in the Notice of the AGM which will be emailed to the members separately.

In view of the massive outbreak of the COVID-19 pandemic, social distancing is a norm to be followed and pursuant to the Circular No. 14/2020 dated April 08, 2020, Circular No.17/2020 dated April 13, 2020 issued by the Ministry of Corporate Affairs followed by Circular No. 20/2020 dated May 05, 2020 and Circular No. 02/2021 dated January 13, 2021 and all other relevant circulars issued from time to time permitted the holding of the "AGM" through Video Conferencing/Other Audio-Visual Means (VC/OAVM), without the physical presence of the Members at a common venue. Accordingly, in compliance with the provisions of the MCA Circulars and SEBI Circulars, the AGM of the Company is being held through VC/OAVM. Hence, Members can attend and participate in the AGM through VC/OAVM only.

The Notice of the AGM along with the Annual Report for the year ended 31st March, 2022 will be sent only by electronic mode to those members whose email address is registered with the Company /Depositories. Members may note that the notice of the AGM and Annual Report for the year ended 31st March, 2022 will also be available on the Company website www.rdbgroup.in and on the BSE website www.bseindia.com.

Members can attend and participate in the AGM through VC/OAVM facility only. The instructions for attending the AGM through VC/OAVM are provided in the notice of AGM. Members attending the AGM through VC/OAVM shall be counted for the purpose of reckoning the quorum under section 103 of the Companies Act, 2013.

The Company is providing remote e-voting facility ("remote e-voting) to all its members holding shares as on the cut-off date,**Wednesday, 17th August, 2022** to cast their votes on all resolutions set out in the Notice of the AGM. Additionally, the Company is providing the facility of voting through e-voting system during the AGM ("e-voting"). The detailed manner of remote e-voting / e-voting during the AGM for the members holding shares in physical mode, dematerialized mode and for members who have not registered their email address is provided in the Notice of the AGM.

In case any members has not registered the email address and /or not updated the bank account details with the Company /Depository Participants, please follow the below instructions to:
a) Register your email address to receive the Notice of the AGM, Annual Report for the year ended 31st March, 2022 and the login credentials for e-voting;
b) Update your bank account details

Members holding shares in physical form	Please contact Niche Technologies Pvt. Ltd., Registrar and Share Transfer Agent of the Company at nichetechpl@nichetechpl.com and submit the necessary documents to register your email address and / or bank account details
Members holding shares in DEMAT Form	Please contact your Depository Participant (DP) to register your email address and /or bank account details in your DEMAT account, as per the process advised by your DP.

The Board has not recommended any dividend for the year ended 31st March, 2022 for approval by the members at the AGM. However,members are requested to update their bank details in any case, so that the information can be used for future dividend payment as and when declared.

For **RDB Rasayans Limited**
Sd/-
Pooja M Patel
Company Secretary

Place : Kolkata
Dated: 29.07.2022